

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2013

PART-II

বাংলা - সাধারণ

দ্বিতীয় পত্র

Duration : 3 Hours

Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

প্রাস্তস্ব সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১) অভিসার কাকে বলে ? আপনার পাঠ্য পদ অবলম্বনে এ পর্যায়ের শ্রেষ্ঠ কবির কাব্য কৃতিত্ব আলোচনা করুন।

৫ + ১০

অথবা

‘আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ্র।

করতলে করই বয়ন অবলম্ব ॥’

— উক্ত পদটির রচয়িতা কে ? কোন্ পর্যায়ের অন্তর্গত পদ ? পদটির বিষয়বস্তু আলোচনা করে কবির রচনাভঙ্গির বৈশিষ্ট্য নির্দেশ করুন।

১ + ১ + ৭ + ৬

- ২) ‘মেঘনাদ বধ’ কাব্যের প্রথম সর্গে রাবণ চরিত্রের যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে, তা আলোচনা করুন।

১৫

অথবা

‘ভূতলে অতুল সভা স্ফটিকে গঠিত।’

— এখানে কার রাজসভার কথা বলা হয়েছে ? তার রাজসভার বর্ণনায় কবির কৃতিত্ব বিচার করুন।

১ + ১৪

৩)

“বেতন পঁচিশ টাকা,

সদাগরি আপিসের কনিষ্ঠ কেরানি।”

— উক্তিটি কে, কার সম্পর্কে করেছে ? এই সূত্রে আলোচ্য কবিতায় কেরানির জীবনচিত্র কতখানি সার্থকভাবে চিত্রিত হয়েছে, তার পরিচয় দিন।

১ + ১ + ১৩

অথবা

“দেবতার পায়ে এই প্রথম পূজা

এই শেষ প্রণাম ”

— ‘প্রথম পূজা’ ও ‘শেষ প্রণাম’ এর তাৎপর্য নিরূপণ করুন।

৭ + ৮

- ৪) 'আমার ভারতবর্ষ' কবিতায় বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের স্বদেশ সন্ধানের আর্তি ও সমাজবোধের বিশিষ্টতা কীভাবে প্রকাশ পেয়েছে তা বিবৃত করুন। ৭ + ৮

অথবা

শহর-গঞ্জ-খেত-খামারে

ঘুমিয়ে আছে দেশটা যখন, রাত্রিবেলা

খুলেছ মানচিত্রখানি।

— কবি দেশকে যে আবেগে দেখতে চান কবিতাটির বিষয়বস্তু ও মর্মার্থ বিশ্লেষণ করে তা ব্যাখ্যা করুন।

৭ + ৮

- ৫) নীচে উদ্ধৃত অংশগুলির রচয়িতার নাম ও প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করুন। ৪ × ৫ = ২০

ক) কি মোহিনী জান বধু কি মোহিনী জান।

অবলার প্রাণ নিতে নাহি তোমা হেন ॥

অথবা

'দাঁড়াইয়া নন্দের আগে গোপাল কান্দে অনুরাগে

বুক বাহিয়া পড়ে ধারা।'

খ) 'ফুলদল দিয়া

কাটিলা কি বিধাতা শাল্মলী তরুবরে ?'

অথবা

'দীন আমি থুয়েছি তাকে

রক্ষাহেতু তব কাছে, রক্ষকুল-মণি

তরুর কোটরে রাখে শাবকে যেমতি

পাখী।'

গ) 'ওর লোভ নেই

ও কিছু রাখতে চায় না, শুধু দেখতে চায়

কি আছে ভিতরে'

অথবা

বাঁশির করণ ডাক বেয়ে

ছেঁড়া ছাতা রাজছত্র মিলে চলে গেছে

এক বৈকুণ্ঠের দিকে

- ঘ) 'বাঙলার ঘরে ঘরে গুপ্তচর এ জিজ্ঞাসা;
এত সবুজ বাসা! ভিটে ভাঙার পালা কি এল এবার?'

অথবা

'তারপর কত চন্দ্রভুক অমাবস্যা চলে গেল কিন্তু সেই বোষ্টুমি

আর এলো না

পঁচিশ বছর প্রতীক্ষায় আছি।'

- ৬) উদাহরণসহ দলবৃত্ত (স্বরবৃত্ত) ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করুন।

অথবা

উদাহরণসহ যে কোনো তিনটি বিষয়ে আলোচনা করুন :

৩ × ৪ = ১২

অতিপর্ব, দল, পূর্ণ যতি, লয়, কলা।

- ৭) যে কোনো দুটি বিষয়ে ছন্দোলিপি রচনা করুন :

২ × ৪ = ৮।

ক) আজ মোরা খুঁজি পবিত্র বেদী মঙ্গল কল্যাণে
সারা বিভাবরী ভরে উঠে তারি বৈতালিকের গানে।

খ) বিরল তোমার ভবনখানি পুষ্প কানন মাঝে
হে কল্যাণী নিত্য আছ আপন গৃহকাজে।

গ) কোথাও মানুষ ভাল রয়ে গেছে বলে
আজও তার নিঃশ্বাসের বাতাস নির্মল;

ঘ) আমি ক্লান্ত প্রাণ এক চারিদিকে জীবনের সমুদ্র সফেন
আমারে দু-দণ্ড শান্তি দিয়েছিলো নাটোরের বনলতা সেন।

ঙ) কন্টক গাড়ী কমলসম পদতল

মঞ্জীর চীরহি ঝাঁপি।

গাগরি-বারি ঢারি করি পীছল

চলতহি অঙ্গুলি চাপি।।